

ইউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং- প্রকাঃএইচআরএমডঃওঠঃ০১ঃ৩৩৪৭/২০১৫-২০১৬/(২০১৮-২০১৯)/

তারিখঃ ০৮.১০.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব রঞ্জিয়া আক্তার, কর্মকর্তা (ক্যাশ, সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর ইতঃপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, কালিয়াকৈর শাখায় কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আংসুসাং/প্রতারণামূলক অপরাধের দায়ে ১৩/২০১৬-২০১৭ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রজু করিয়া ০৪.১০.২০১৬ ইং তারিখের প্রকাঃএইচআরএমডঃওঠঃ০১ঃ৩৩৪৭/২০১৫-২০১৬/৯৯৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তবোর্ড নিয়োগ করিয়াছিলেন;

- ০২। যেহেতু তদন্তবোর্ড বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;
- ০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব রঞ্জিয়া আক্তার আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরু দণ্ড প্রদান করা হইবে না এই মর্মে ২৮.১১.২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডঃওঠঃ০১ঃ৩৩৪৭/২০১৫-২০১৬/৯৯৯ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারণ দর্শনো নোটিশ জারী করা হয়েছিল;
- ০৪। যেহেতু আপনি জনাব রঞ্জিয়া আক্তার অঞ্চ বিভাগের ২৮.১১.২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শনো নোটিশের জবাব ২৪-১২-২০১৭ ইং তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করিয়া আপনি জনাব জনাব রঞ্জিয়া আক্তার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আংসুসাং/প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড তথা চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;
- ০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১) (খ)(ই) প্রবিধি অনুসারে আপনি জনাব রঞ্জিয়া আক্তার আপনাকে ব্যাংকের চাকুরী হইতে বাধ্যতামূলক অবসর প্রদানের আদেশ দিলেন।
- ০৬। এছাড়া, কর্তৃপক্ষ উপরোক্ত রায় সংশ্লিষ্ট বিষয়ে নিম্নোক্ত প্রশাসনিক নির্দেশনা দিলেনঃ
 - ক) “যেহেতু অভিযুক্ত জনাব রঞ্জিয়া আক্তার ২২-১২-১৯৯৪ তারিখে ব্যাংকের চাকুরীতে যোগদান করেছেন সেহেতু তার চাকুরীর বয়স বর্তমান ২৫ (পঞ্চিশ) বছর পূর্ণ হয়নি, বিধায় তিনি পূর্ণ পেনশন পাবেন না। তাঁছাড়া তিনি ০৪-০৫-২০১৫ তারিখ থেকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত আছেন বিধায় বিধি মোতাবেক উক্ত সময়কে বাদ দিয়ে পেনশনযোগ্য চাকুরী কাল গণনা করতে হবে এবং চাকুরীর বয়স অনুসারে হারাহারিভাবে তাকে আনুতোষিক/পেনশন প্রদান করা হবে।”
 - খ) “তিনি ০৪-০৫-২০১৫ খ্রিৎ তারিখ থেকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত আছেন বিধায় সাময়িক বরখাস্ত থাকাকালীন সময় থেকে (০৪-০৫-২০১৫ খ্রিৎ তারিখ) তার মূল বেতন ৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকা। উক্ত ৯,৮০০/- (নয় হাজার আটশত) টাকা মূল বেতনের ভিত্তিতেই তিনি বিধি মোতাবেক আনুতোষিক/পেনশন প্রাপ্ত হবেন।”
 - গ) “বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ)(ই) প্রবিধি অনুসারে দণ্ড হিসেবে তাকে ‘চাকুরী হতে বাধ্যতামূলক অবসর প্রদান’ করায় প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসরোত্তর ছুটি ও ছুটি নগদায়ন সুবিধা পাবেন না।”

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব রঞ্জিয়া আক্তার (আর-১২০৯)
কর্মকর্তা (ক্যাশ, বাধ্যতামূলক অবসরথান্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
গাজীপুর।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)
উপ-মহাব্যবস্থাপক

- নং- প্রকাঃএইচআরএমডঃওঠঃ০১ঃ৩৩৪৭/২০১৫-২০১৬/(২০১৮-২০১৯)/ ১০৭৮(৭)
- তারিখঃ ০৮.১০.২০১৮ ইং
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ
- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দণ্ডে, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দণ্ডে, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা। আরোপিত দণ্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
 - ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
 - ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
 - ০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, গাজীপুর। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব রঞ্জিয়া আক্তার এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
 - ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, গাজীপুর।
 - ১০। ব্যবস্থাপক, বিকেবি, কালিয়াকৈর শাখা, গাজীপুর।
 - ১১। নথি/মহানথি / মূল নথি।

মোঃ জহির ইকবাল
মোঃ ওবায়েদ উল্যাহ
সহকারী মহাব্যবস্থাপক